ESPRIT

শ্রমিক আচরণবিধি

সাধারণ নীতিমালা

সার্বরাহকারীদেরকে / কারখানাগুলিকে অবশ্যই তাদের ব্যবসায়ের পরিচালনার সাথে সম্পর্কিত সমস্ত আইন সম্পূর্ণরূপে মেনে চলতে হবে এবং মানবাধিকার, শ্রমিকদের কর্মসংস্থান অধিকার, সুরক্ষা এবং পরিবেশ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় অভ্যাসগুলি গ্রহণ এবং অনুসরণ করতে হবে।

মানবাধিকার

কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ডগুলি বজায় রাখার ক্ষেত্রে সর্বাধিক নৈতিক মান অনুসারে কাজ করা এস্পিরিটের লক্ষ্য। মানবাধিকার হ'ল সেই সকল অধিকারের সমষ্টি যা মানুষের অন্তর্নিহিত মর্যাদা, স্বাধীনতা এবং সমতাকে স্বীকৃতি দেয়, যেমনটি জাতিসংঘের আন্তর্জাতিক মানবাধিকারের বিলে এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার ঘোষণায় প্রকাশিত হয়েছিল।

এস্পিরিট মানবাধিকারকে সম্মান করার ক্ষেত্রে তার প্রাতিষ্টানিক সামাজিক দায়িত্ব স্বীকার করে এবং এমন কোনো প্রতিষ্ঠানের সঙ্গে যেকোনো প্রকার সম্পর্ক স্থাপন থেকে বিরত থাকে যে অন্যের মানবাধিকারের অপব্যবহারে সমর্থন, অনুরোধ বা উত্সাহ দেয়। সঠিক ব্যাবসায়িক অংশীদারদের বেছে নিতে এবং আমাদের পছন্দগুলি শ্রমিকদের অর্থনৈতিক বিকাশের এবং আর্থিক স্বাধীনতার শক্তিশালী উত্স হিসাবে ফ্যাশন শিল্পের ভূমিকাতে অবদান রাখার বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে আমরা বিশেষভাবে যত্নবান। এই লক্ষ্যের সমর্থনে, এস্পিরিট প্রত্যাশা করে আমাদের ব্যাবসায়িক অংশীদাররা এটা করবে এবং যেকোনো প্রকার মানবাধিকার লঙ্ঘনের ঝুঁকি দেখা দিলে আমাদের সেটা অবহিত করবে ও এই ধরনের লঙ্ঘন এড়াতে বা প্রশমিত করার জন্য কী পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং, যেখানে ব্যবসায়িক অংশীদারদের জন্য এটি করা সম্ভব নয়, তারা তা অবহিত করবে।

শিশু শ্রম নয়

সার্বরাহকারীরা/ কারখানাগুলি পনের বছরের কম বয়সী বা উত্পাদনশীল দেশে বাধ্যতামূলক পড়াশোনা সম্পন্ন করার জন্য নির্ধারিত বয়সের কম বয়সী শিশুদের নিয়োগ করবেনা।

বাধ্যতামূলক শ্রম নয়

সার্বরাহকারীরা/ কারখানাগুলি কোনো প্রকার বাধ্যতামূলক শ্রম যেমন, জেলখানার শ্রম, দাসত্বমূলক শ্রম, ইত্যাদি ব্যবহার করবেনা বা জোরপূর্বক শ্রমের জন্য ব্যক্তিদের পাচারের অনুমতি দেবেনা। কোনও শ্রমিককে কোনও প্রকার জোর করা বা ভয় দেখানো যাবেনা বা, রাজনৈতিক জবরদস্তির উপায় হিসাবে বা রাজনৈতিক মতামতকে ধারণ বা প্রকাশ করার শাস্তি হিসাবে কাজ করতে বাধ্য করা যাবে না।

ESPRIT

সংগঠনের স্বাধীনতা এবং যৌথ দরকষাকষি

সার্বরাহকারীরা/ কারখানাগুলি অবশ্যই শ্রমিকদের সংগঠনের স্বাধীনতা এবং যৌথ দরকষাকষির অধিকারকে স্বীকৃতি দেবে ও সম্মান করবে। সার্বরাহকারীদেরকে / কলকারখানাগুলিকে অবশ্যই কর্মবিরোধিতা সহ শিল্পবিরোধের সমাধানের জন্য প্রক্রিয়া বিকাশ ও সম্পূর্ণভাবে প্রয়োগ করতে হবে এবং শ্রমিক এবং তাদের প্রতিনিধিদের সাথে কার্যকর যোগাযোগ নিশ্চিত করতে হবে।

বৈষম্য, হয়রানি এবং গালিগালাজ নয়

সার্বরাহকারীরা অবশ্যই নিয়োগ ও কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ করবেনা। ব্যক্তিগত বৈশিষ্ট্য বা বিশ্বাসের ভিত্তিতে কোনও বৈষম্যকে যেমন জাতি, জাতীয় উত্স, লিঙ্গ, ধর্ম, বয়স, প্রতিবন্ধিতা, বৈবাহিক অবস্থান, পিতামাতার অবস্থান, সংগঠনের সদস্যপদ, যৌন দৃষ্টিভঙ্গি বা রাজনৈতিক মতামত গ্রহণ করা হবে না। সার্বরাহকারীরা অবশ্যই কোনও প্রকার বৈষম্যের বিরুদ্ধে অভিবাসী কর্মীদের রক্ষা এবং উপযুক্ত সহায়তা পরিষেবা প্রদান করবার পর্যাপ্ত ব্যবস্থা করবে।

কর্মীদের অবশ্যই সম্মান ও মর্যাদা প্রদান করা উচিত। কোনও শ্রমিক কোনও শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে কোনও প্রকার শারীরিক, যৌন, মানসিক বা মৌখিক হয়রানি বা নির্যাতন বা জরিমানার শিকার হতে পারে না। সরবরাহকারীরা অবশ্যই কর্মক্ষেত্রের পরিস্থিতি সম্পর্কে শ্রমিকগণ যেন তাদের উদ্বেগগুলি সরাসরি কারখানার পরিচালনা পরিষদ বা আমাদের কাছে প্রতিশোধের ভয় বা চাকরি হারানোর ভয় ছাড়াই প্রকাশ করতে পারে তা নিশ্চিত করবে।

মজুরি, সুবিধাদি এবং ক্ষতিপূরণ

ন্যূনতম মজুরি অবশ্যই দেশের আইন প্রণীত মজুরি বা শিল্প খাতে প্রচলিত মজুরির মধ্যে যেটা বেশি হয় তার সম পরিমান বা বেশি হবে। নিয়মিত কর্মঘন্টার মজুরি ছাড়াও, উত্পাদনকারী দেশের প্রণীত আইন অনুযায়ী বা যেসব দেশে এই জাতীয় আইন নেই, তাদের নিয়মিত ঘণ্টায় মজুরি হারের চেয়ে বেশি হারে অতিরিক্ত ঘন্টার জন্য শ্রমিকদের মজুরি দিতে হবে।

কর্মঘন্টা

অস্বাভাবিক পরিস্থিতি ব্যাতিত শ্রমিকদের অতিরিক্ত ঘন্টা সহ প্রতি সপ্তাহে ষাট ঘন্টা বা উক্ত দেশের আইনত সর্বাধিক কর্ম ঘন্টার অধিক কাজ করতে বলা যাবেনা। একটি নিয়মিত কাজের সপ্তাহে কর্ম ঘন্টা আটচল্লিশ ঘন্টার অধিক হওয়া উচিত নয়, সমস্ত অতিরিক্ত ঘন্টার কাজ অবশ্যই শ্রমিক কর্তৃক সম্মতিসূচক হতে হবে এবং নিয়মিত ভিত্তিতে অনুরোধ করা যাবেনা। কর্মীদের প্রত্যেক সাত দিনের সময়কালের মধ্যে কমপক্ষে চব্বিশ ঘন্টা বিশ্রামের অনুমতি দিতে হবে, এবং তারা অবশ্যই বার্ষিক ছুটি পাবেন।

ESPRIT

স্বাস্থ্য ও নিরাপত্তা

একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ সরবরাহ করতে হবে, এবং পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা অনুশীলনগুলি যা দুর্ঘটনা ও আঘাতজনিত ক্ষতি প্রতিরোধ করে তা প্রদান করতে হবে। এর মধ্যে রয়েছে আগুন, দুর্ঘটনা এবং বিষাক্ত পদার্থ থেকে সুরক্ষা। আলো, তাপমাত্রা এবং বায়ুচলাচল ব্যবস্থাগুলি পর্যাপ্ত হতে হবে। শ্রমিকদের স্যানিটারি সুবিধাগুলিতে সর্বদা অ্যাক্সেস থাকতে হবে যা পর্যাপ্ত এবং পরিষ্কার হতে হবে। সরবরাহকারীদের অবশ্যই স্বাস্থ্য ও সুরক্ষা নীতি থাকতে হবে যা কর্মীদের কাছে স্পষ্টভাবে জানানো হয়েছে। যেখানে কর্মীদের আবাসিক সুবিধা প্রদান করা হয়, সেখানে একই মান প্রয়োগ করতে হবে।

পরিবেশগত অপরিহার্যতা

সরবরাহকারীদের তাদের নিজস্ব পরিবেশগত কর্মকান্ডে প্রগতিশীল উন্নতি করতে হবে এবং তাদের অংশীদার, সরবরাহকারী এবং সাবকন্ট্র্যাক্টরদের ক্ষেত্রে তা একই ভাবে প্রযোজ্য হবে। এর মধ্যে থাকবে: ব্যবসায়ের সিদ্ধান্তগুলিতে সাস্টেনিবিলিটি বিষয়ক নীতিগুলি একীকরণ করা; প্রাকৃতিক সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার; পরিচ্ছন্ন উত্পাদন এবং দূষণ প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ; এবং পণ্য, উপকরণ এবং প্রযুক্তির নকশা প্রণয়ন ও উত্পাদনের ক্ষেত্রে সাস্টেনিবিলিটি বিষয়ক নীতিগুলি মেনে চলতে হবে।